গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৪৬.১২.০০৬১.২৬.৫৭৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**পরিপত্র**

বিষয়: ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বদলি বা কর্মস্থল পরিবর্তনের জন্য বিধিবহির্ভূত সুপারিশ/তদবির পরিহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পদায়ন/বদলি সংশ্লিষ্ট প্রশাসনিক প্রয়োজন, জনস্বার্থ, দাপ্তরিক কার্যক্রমের স্বাভাবিকতা, কর্মস্থলের প্রয়োজনীয়তা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনাপূর্বক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। কোনো কর্মকর্তা/কর্মচারীকে কোনো কর্মস্থলে পদায়নের পর তাঁকে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন, স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট দপ্তরসমূহের সঙ্গে কার্যকর সমন্বয় এবং জনগণকে নিরবচ্ছিন্ন, দ্রুত ও মানসম্মত সেবা প্রদান নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে কর্মরত কোনো কোনো কর্মকর্তা/কর্মচারী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কোনো কর্মস্থলে পদায়নের পর অল্প সময়ের মধ্যেই উক্ত কর্মস্থল হতে বদলি বা কর্মস্থল পরিবর্তনের উদ্দেশ্যে বিভিন্ন ব্যক্তি, জনপ্রতিনিধি, রাজনৈতিক বা প্রভাবশালী মহল কিংবা অন্য কোনো মাধ্যমে সুপারিশ/তদবির করে থাকেন। কোনো কোনো ক্ষেত্রে তৃতীয় পক্ষের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের ওপর প্রভাব বিস্তারেরও চেষ্টা করা হয়ে থাকে। এ ধরনের কার্যক্রম সরকারি চাকরির স্বাভাবিক শৃঙ্খলা, পদায়ন ব্যবস্থার নিরপেক্ষতা, প্রশাসনিক সিদ্ধান্তের মর্যাদা, দায়িত্ব পালনের স্থিতিশীলতা, দাপ্তরিক জবাবদিহিতা এবং প্রশাসনিক কার্যক্রমের ধারাবাহিকতার পরিপন্থী। একই সঙ্গে, এ ধরনের কার্যক্রম সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর বিধি ২০-এ বর্ণিত বিধানের সঙ্গে অসঙ্গতিপূর্ণ।

৩। কোনো কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে বিশেষ, অনিবার্য, যৌক্তিক ও যথাযথভাবে প্রমাণযোগ্য কারণে বর্তমান কর্মস্থলে কমপক্ষে দুই বছর মেয়াদ পূর্ণ হবার পূর্বে বদলি বা কর্মস্থল পরিবর্তনের প্রয়োজন হলে তিনি প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে ব্যক্তিগতভাবে, সরাসরি অথবা কোনো তৃতীয় পক্ষের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের ওপর কোনো ধরনের প্রভাব বিস্তার, সুপারিশ বা তদবির গ্রহণযোগ্য হবে না। তবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিধিসম্মতভাবে দাখিলকৃত আবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রশাসনিক প্রয়োজন, জনস্বার্থ, প্রযোজ্য বিধি-বিধান এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনাপূর্বক নিষ্পত্তি করবেন।

৪। ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ পদায়নকৃত কর্মস্থলে দায়িত্বশীলতা, নিষ্ঠা, নিরপেক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে অর্পিত দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদানের পাশাপাশি বদলি বা কর্মস্থল পরিবর্তনের জন্য কোনো সরকারি-বেসরকারি ব্যক্তি বা অন্য কোনো মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সুপারিশ/তদবির না করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৫। একই সঙ্গে, কোনো কর্মকর্তা/কর্মচারী কর্তৃক বদলি বা কর্মস্থল পরিবর্তনের উদ্দেশ্যে বিধিবহির্ভূতভাবে সুপারিশ/তদবির করা, অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের মাধ্যমে সুপারিশ করানো অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তকে প্রভাবিত করার চেষ্টা করার বিষয় পরিলক্ষিত হলে তা যথাযথভাবে নথিভুক্ত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। এ ধরনের কার্যক্রম সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর কোনো বিধানের পরিপন্থী হিসেবে প্রতীয়মান হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬। বিষয়টি মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর অবগতির জন্য প্রচার এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর সংশ্লিষ্ট বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

এ এস এম সালেহ আহমেদ
সিনিয়র সচিব
ফোন: +৮৮০২৫৫১০১১৩১
ই-মেইল: secretary@minland.gov.bd

**বিতরণ:**

১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)

নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৪৬.১২.০০৬১.২৬.৫৭৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো:**

১. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সহকারী কমিশনার (ভূমি) (সকল)।
৫. সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অফিস কপি/মাস্টার কপি।

মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান
উপসচিব